গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি পার্বত্য জেলা
www.khdc.gov.bd

স্মারক নং- ২৯.৩৬.৪৬০০.০০০.০০০.১৪.০২৮৩.২৫-২০৬৯ তারিখ ঃ ২২ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৭ অক্টোবর, ২০২৬ খ্রি.

-ঃ বিজ্ঞপ্তি ঃ-

খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের ২০২৫-২০২৬ অর্থবছরে খাগড়াছড়ি জেলার বিভিন্ন কলেজ, কারিগরি, মেডিক্যাল, ইঞ্জিনিয়ারিং, বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে উচ্চ মাধ্যমিক/সমমান, স্নাতক (সম্মান), স্নাতক/সমমান, স্নাতকোত্তর/সমমান পর্যায়ে অধ্যয়নরত বিভিন্ন সম্প্রদায়ের অস্বচ্ছল, এতিম, মেধাবি ছাত্র-ছাত্রীদের শিক্ষা বৃত্তির চেক আগামী ১২/১০/২০২৬খ্রি. তারিখ রোজ সোমবার বিকাল-৩.০০ঘটিকায় খাগড়াছড়ি টাউন হলে বিতরণ করা হবে।

২। নির্বাচিত শিক্ষার্থীবৃন্দ নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী শিক্ষা বৃত্তি সংগ্রহ করতে হবে।

ক্রঃ নং	বিবরণ	শিক্ষা বৃত্তি প্রদানের সময়সূচি	মন্তব্য
০১.	গ্রুপ-ক, মেডিক্যাল শিক্ষার্থী	১২ অক্টোবর, ২০২৬খ্রি. সময় ঃ বিকাল ৩.০০ঘটিকা স্থানঃ খাগড়াছড়ি টাউন হল।	
০২.	গ্রুপ-খ, ইঞ্জিনিয়ারিং শিক্ষার্থী		
০৩.	গ্রুপ-গ, বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী		
০৪.	গ্রুপ-ঘ, কলেজ (একাদশ-দ্বাদশ শ্রেণী)		
০৫.	গ্রুপ-ঙ, ডিপ্লোমা শিক্ষার্থী		
০৬.	গ্রুপ-চ, জাতীয় বিশ্ববিদ্যালয় ও বিভিন্ন কলেজে অধ্যয়রনরত (স্নাতক/ স্নাতকোত্তর)		

৩। শিক্ষা বৃত্তি গ্রহনের সময় নির্বাচিত ছাত্র-ছাত্রীদের পাসপোর্ট সাইজের ছবি, জন্মনিবন্ধন/জাতীয় পরিচয়পত্র/ছাত্র-ছাত্রীদের স্ব স্ব প্রতিষ্ঠান হতে ইস্যুকৃত পরিচয়পত্র (স্টুডেন্ট আইডি কার্ড) মূল কপি প্রদর্শনের জন্য সঙ্গে রাখতে হবে এবং ফটোকপি (০১ কপি) জমা দিতে হবে।

উল্লেখ্য যে, ঐদিন নির্বাচিত ছাত্র-ছাত্রীদের সকাল ১০.০০ ঘটিকায় জেলা পরিষদের ৪র্থ তলায় স্ব স্ব কাগজপত্রাদি প্রদর্শন পূর্বক নিবন্ধন সম্পন্ন করতে হবে।

০৭.১০.২০২৬

(মোঃ আব্দুল্লাহ আল মাহফুজ)
নির্বাহী কর্মকর্তা
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।
☎০২৩৩৩-৩৪৩৯৩৬
Email: ceokhdc@gmail.com

অনুলিপি ঃ- সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ-

১। মুখ্য নির্বাহী কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।
২। .....শিক্ষাবৃত্তি বিতরণ কমিটি, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।
৩। বিভাগীয় প্রধান.....খাগড়াছড়ি (সকল)।
৪। নির্বাহী প্রকৌশলী, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।
৫। প্রশাসনিক কর্মকর্তা/হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।
৬। আইটি কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ(বিজ্ঞপ্তিটি পরিষদের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সহকারী, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। অফিস কপি।